
# ৫ম পর্ব ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের সকল শিক্ষার্থীদের

# একাউন্টিং (২৫৮৪১)

## বিষয় কোর্সে সবাইকে



## স্বাগতম

মোঃ জেয়াউল হক
চিফ ইন্সট্রাক্টার (নন-টেক)
রংপুর পলিটেকনিক ইনস্টিটিউট, রংপুর
ফোন ০১৭১৬৭৩২৪১১

আজকে ৫ম অধ্যায়- জাবেদা বিষয় আলোচনা করা হচ্ছে।

# Define Journal

**৫.১ জাবেদার সংজ্ঞা(Define Journal)**

জাবেদা বা Journal শব্দটি ফরাসী শব্দ Jour শব্দ হতে এসেছে। এখানে Jour অর্থ দিন, আর Journal শব্দের অর্থ হল জাবেদা বা দৈনিক বহি। সুতরাং লেনদেন গুলিকে দৈনিক লেখা হয় সে জন্য একে জাবেদা বলে।

অন্য কথায় বলা যায়, কোন লেনদেন সংঘঠিত হওয়া মাত্র বুক কিপিং এর নিয়মানুসারে দাতা গ্রহীতায় বিশ্লেষণ করে প্রাথমিক ভাবে হিসাবের খাতায় লিখা হয় তাকে জাবেদা বলে ।

এ সম্পর্কে কয়েকজন বিশেষজ্ঞের মতামত নিম্নে প্রদত্ত হলঃ

**১) অধ্যাপক ওয়েক সন ও অধ্যাপক কক্স** বলেন, "The Journal is a book of original entry in which transactions are recorded in chronological order" (অর্থাৎ জাবেদা হল হিসাবের প্রাথমিক বহি যেখানে লেনদেন সমুহকে ক্রমানুসারে সংরক্ষণ করা হয়।

**২) অধ্যাপক চেম্বার** বলেন, "Journal is a book containing a record of each day's transactions" (অর্থাৎ জাবেদা হল এমন একটি বহি যাতে দৈনিক সংঘঠিত লেনদেন গুলি সংরক্ষণ করা হয়)

**৩) অধ্যাপকক্রক, পালমার, আর্চার** বলেন, "The book in which the analysis of each transaction kept is called Journal." (অর্থাৎ হিসাবের যে খাতায় প্রতিটি লেনদেন ব্যাখ্যা ও বিশ্লেষণ দেওয়া হয় তাকে জাবেদা বলে।

**৪) অধ্যাপক বিশ্বেশ্বর সাহা** বলেন, ''কোন প্রতিষ্ঠানের আর্থিক লেনদেনগুলি সংঘঠিত হওয়া মাত্রই সেগুলিকে তারিখ অনুসারে ক্রমানুসারে সাজিয়ে যে প্রাথমিক হিসাব বহিতে সর্ব প্রথম লেখা হয়, তাকে জাবেদা বলে ।''

**৫) অধ্যক্ষ সুধাংশু শেখর ভট্টাচার্য** এর মতে, ''কোন লেনদেন সংঘঠিত হওয়া মাত্র সে গুলিকে তারিখ অনুসারে ক্রমান্বয়ে সাজিয়ে যে প্রাথমিক বইতে সর্বপ্রথম লেখা হয় তাকে Journal বলা হয়।''

## ৫.২ জাবেদার কার্যাবলির আলোচনা (State the functions of Journal)

**১) ডেবিট ক্রেডিট নির্ণয় ও বিশ্লেষণঃ** কোনো লেনদেন সংঘঠিত হওয়া মাত্র প্রথমে ডেবিট ক্রেডিট নির্ণয় করে ব্যাখ্যা বা কারণ বিশ্লেষণ করে প্রাথমিকভাবে হিসাবে লেখা জাবেদার কাজ।

**২) তারিখের ক্রমানুসারে সাজানোঃ** লেনদেন সমুহকে তারিখের ক্রমানুসারে সাজানো জাবেদার কাজ।

**৩) প্রকৃতি অনুসারে লেনদেন লিখনঃ** লেনদেনের প্রকৃতি অনুসারে শ্রেণি বিন্যাস করা হয়। এতে প্রতিটি লেনদেন প্রকৃতি অনুযায়ী আলাদা আলাদা ভাবে হিসাবে লিপিবদ্ধ করা জাবেদার কার্য।

**৪) লেনদেনের হিসাবখাত নির্ধারণঃ** দু'তরফা দাখিলা হিসাব পদ্ধতির মুলনীতি অনুসারে প্রতিটি লেনদেনে দুটি পক্ষ বিদ্যমান থাকে। জাবেদায় লিখার সময় হিসাবখাত নিরুপন জাবেদার কাজ।

**৫) ব্যাখ্যা প্রদানঃ** লেনদেন সমুহের উপযুক্ত ব্যাখ্যা প্রদান জাবেদার কার্য। প্রতিটি জাবেদা দাখিলার নিচে কেন একটি হিসাবকে ডেবিট বা ক্রেডিট করা হলো তার কারণ দর্শানোকে ব্যাখ্যা প্রদান বলে।

**৬) শ্রেণিবিন্যাসঃ** লেনদেন সংঘটিত হওয়া মাত্র এর শ্রেণিবিন্যাস করা হয়। এর জন্য আলাদা আলাদা বহি তৈরি করা হয়। যেমন ক্রয় বহি, বিক্রয় বহি, নগদান বহি ইত্যাদিতে ভাগ করা জাবেদার কাজ।

**৭) দৈনিক হিসাব সংরক্ষণঃ** দৈনিক কতটি লেনদেন সংঘঠিত হল তা সংরক্ষণ করা জাবেদার কার্য।

**৮) স্থায়ী হিসাব সংরক্ষণঃ** কখন লেনদেন হয়েছে এবং কত টাকা পরিশোধিত হয়েছে তা স্থায়ীভাবে সংরক্ষণ করা জাবেদার অপর একটি প্রধান কার্য।

**৯। তথ্য সংগ্রহ এবং সরবরাহঃ** কোনো লেনদেন সংঘঠিত হওয়া মাত্র জাবেদা প্রাথমিক তথ্য সংগ্রহের কাজ করে থাকে। পরবর্তীতে তা খতিয়ানে, রেওয়ামিলে ও চুড়ান্ত হিসাবে সরবরাহ করে থাকে।

**১০। হিসাবরক্ষণে সহায়তা করাঃ** কোনো লেনদেন সংঘঠিত হওয়া মাত্র জাবেদাভুক্তকরণের মাধ্যমে

## ৫.৪ জাবেদার গঠন প্রণালির ব্যাখ্যা (Interpret the form of Journal)

### জাবেদা

ডেবিট ক্রেডিট

| তারিখ | বিবরণ | খঃ পৃঃ | ডেবিট | ক্রেডিট |
| --- | --- | --- | --- | --- |
| | | | | |

১। **তারিখঃ** জাবেদা প্রস্তুতের সময় প্রথমে তারিখের ক্রমানুসারে লেখা হয়।

২। **বিবরণঃ** যে কারণে লেনদেন সংগঠিত হল তার বর্ণনা বিবরণ ঘরে লিখতে হয়।

৩। **খতিয়ান পৃষ্ঠাঃ** জাবেদার মধ্যে খতিয়ান পৃষ্ঠা থাকে যা সাধারণ ভাবে ব্যবহৃত হয় না তবে ব্যাংক ও বীমা কোম্পানির ক্ষেত্রে ব্যবহৃত হয়।

৪। **ডেবিটঃ** জাবেদার মধ্যে সঠিক ভাবে ডেবিট বা গ্রহীতা লিখতে হয়।

৫। **ক্রেডিটঃ** সঠিক ভাবেগ্রহীতা লিখার পর সম পরিমান অর্থ ক্রেডিট ঘরে লিখতে হবে।

# জাবেদার অন্যান্য নাম
# Mention the various names of Journal

1. **Book of Prime entry** প্রাথমিক হিসাব বহি,
2. **Day Book** দৈনিক হিসাব বহি,
3. **Book of original entry** মৌলিক হিসাব বহি,
4. **Books of first entry** প্রাথমিক পর্যায়ের বহি,
5. **Subsidiary books** সাহায্যকারী হিসাব বহি,
6. **Record Books** রেকর্ড হিসাব বহি,
7. **Main Books of Accounts** প্রধান হিসাব বহি,
8. **Temporary Books** অস্থায়ী হিসাব বহি,

# *জাবেদার শ্রেণিবিভাগ
# Classification of Journal

1. **Sales Book- বিক্রয় বহি,**
2. **Purchases Book-ক্রয় বহি,**
3. **Return out word Book -ক্রয় ফেরত বহি,**
4. **Return in word Book- বিক্রয় ফেরত বহি,**
5. **Bills Receivable Book- প্রাপ্যবিল বহি,**
6. **Bills Payable Book- প্রদেয়বিল বহি,**
7. **Carh Book - নগদান বহি,**
8. **Jounal Proper- সাধারণ জাবেদা/ প্রকৃত জাবেদা।**

# জাবেদা কর।

২০০৬ সালের ১লা জানুয়ারি তারিখে জনাব সাফিন নগদ ১,০০,০০০/- টাকা ও ৫০,০০০/- টাকার যন্ত্রপাতি নিয়ে কারবার আরম্ভ করলেনঃ

২০০৬ সাল জানুয়ারী-২ সোনালী বাঙ্ককে হিসাব খোলা হল ৪০,০০০/-

জানুয়ারী-৫ আলমের নিকট হতে মাল ক্রয় ৬০,০০০/-

জানুয়ারী-১০ নগদে মাল বিক্রয় ৩০,০০০/-

জানুয়ারী-১২ অফিসে একটি আলমারী ক্রয় ১০,০০০/-

জানুয়ারী-১৫ আসবাবপত্রের উপর অবচয় ধার্য করা হল ৫,০০০/-

জানুয়ারী-১৮ হারুনের নিকট হতে ঋণ গ্রহণ করা হল১২,০০০/-

জানুয়ারী-২৫ অনাদায়ী দেনা ধার্য করা হল ৮,০০০/-

জানুয়ারী-৩০চেকের মাধমে বাড়ি-ভাড়া পরিশোধ করা হল ৭,০০০/-

| তারিখ | বিবরণ | খঃপৃঃ | ডেবিট | ক্রেডিট |
|---|---|---|---|---|
| ২০০৬ সাল জানু-২ | নগদান হিসাব -------------------------------- ডেঃ<br>যন্ত্রপাতি হিসাব ------------------------------ ডেঃ<br>মুলধন হিসাব----------------------------------- ক্রেঃ<br>যেহেতু নগদে ও যন্ত্রপাতি নিয়ে ব্যবসা আরম্ভ করেছে<br>------------------------------------------------------------- | | ১,০০,০০০/-<br>৫০,০০০/- | ১,৫০,০০০/- |
| ,, ৫ | সোনালী বাঙ্ক হিসাব -------------------------------ডেঃ<br>নগদান হিসাব----------------------------------- ক্রেঃ<br>যেহেতু নগদে বাঙ্ককে হিসাব খোলা হয়েছে।<br>------------------------------------------------------------ | | ৪০,০০০/- | ৪০,০০০/- |
| ,, ১২ | আলমারি ক্রয় হিসাব-------------------------- ডেঃ<br>নগদান হিসাব ------------------------------- ক্রেঃ<br>যেহেতু নগদে ক্রয় করা হয়েছে<br>----------------------------------------------------------- | | ৬০,০০০/- | ৬০,০০০/- |
| ,, ১৫ | অবচয় হিসাব ---------------------------------- ডেঃ<br>আসবাবপত্র হিসাব-------------------------------- ক্রেঃ<br>যেহেতু অবচয় ধার্য করা হয়েছে।<br>----------------------------------------------------------- | | ৫,০০০/- | ৫,০০০/- |
| ,, ১৮ | নগদান হিসাব---------------------------------- ডেঃ<br>হারুনের ঋণ হিসাব----------------------------- ক্রেঃ<br>যেহেতু ঋণ নেওয়া হয়েছে।<br>----------------------------------------------------------- | | ১২,০০০/- | ১২,০০০/- |
| ,, ২৫ | অনাদায়ী দেনা হিসাব ---------------------------- ডেঃ<br>বিবিধ দেনাদার হিসাব --------------------------- ক্রেঃ<br>যেহেতু অনাদায়ী দেনা ধার্য করা হয়েছে।<br>------------------------------------------------------------ | | ৮,০০০/- | ৮,০০০/- |
| ,, ৩০ | বাড়ি ভাড়া হিসাব -------------------------------- ডেঃ<br>বাঙ্ক হিসাব------------------------------------- ক্রেঃ<br>যেহেতু চেকে বাড়ি ভাড়া দেওয়া হয়েছে। | | ৭,০০০/-<br>---------------<br>২,৮২,০০০/-<br>======== | ৭,০০০/-<br>---------------<br>২,৮২,০০০/-<br>======== |

**ব্যবহারিক উদাহরণঃ ২। নিম্নলিখিত লেনদেনগুলি অবলম্বনে মিঃ রহমানের হিসাবের বই জাবেদায় দেখাও।** বাকাশিবো-০৬

২০০৫ জানুয়ারী ১, মিঃ রহমান নগদ ৫০,০০০/- টাকা ও ২৮,০০০/- টাকার পণ্য নিয়ে কারবার শুরু করলেন।

২০০৬ জানু-১ সোনালী ব্যাংকে চলতি হিসাব খোলা হল------------ ২০,০০০/- টাকা

" " -৩ মালক্রয় নগদে ৬,০০০/-টাকার এবং বাকিতে------- ৪,০০০/- টাকা

" " -৭ হানিফের নিকট মাল বিক্রয়---------------------- ৩,৫০০/- টাকা

" " -১৫ বিবিধ দেনাদারের উপর ১২,০০/- টাকা আদায়যোগ্য নয়।

" " -১৮ বাড়ি ভাড়া নগদে পাওয়া গেল ১,৫০০/- টাকা

" " -২৪ বিক্রয়কর্মী তুহিনকে চেকে ৮০০/- টাকা বেতন দেয়া হল।

" " -৩০ ব্যাংক হতে উঠানো হল ৫,০০০/- টাকা

## মিঃ রহমানের জাবেদা

| তারিখ | বিবরণ | খঃপৃঃ | ডেবিট | ক্রেডিট |
|---|---|---|---|---|
| ২০০৫<br>জানু-১ | নগদান হিসাব ডেঃ<br>পণ্য দ্রব্য হিসাব ডেঃ<br>মূলধন হিসাব ক্রেঃ<br>নগদে ও পণ্যদ্রব্য নিয়ে ব্যবসা আরম্ভ করেছে।<br>------------------------------------------------ | | ৫০,০০০/-<br>২৮,০০০/- | <br><br>৭৮,০০০/- |
| জানু-১ | সোনালী ব্যাংক হিসাব ডেঃ<br>নগদান হিসাব ক্রেঃ<br>যেহেতু নগদে ব্যাংকে জমা দেয়া হয়েছে<br>------------------------------------------------ | | ২০,০০০/- | <br>২০,০০০/- |
| জানু-৩ | ক্রয় হিসাব ডেঃ<br>নগদান হিসাব ক্রেঃ<br>বিবিধ পাওনাদার হিসাব ক্রেঃ<br>যেহেতু নগদে ও বাকিতে ক্রয় করা হয়েছে<br>------------------------------------------------ | | ১০,০০০/- | <br>৬,০০০/-<br>৪,০০০/- |
| জানু-৭ | হানিফ হিসাব ডেঃ<br>বিক্রয় হিসাব ক্রেঃ<br>যেহেতু হানিফের নিকট বিক্রয় করা হয়েছে<br>------------------------------------------------ | | ৩,৫০০/- | <br>৩,৫০০/- |
| জানু-১৫ | অনাদায়ী দেনা হিসাব ডেঃ<br>বিবিধ দেনাদার হিসাব ক্রেঃ<br>যেহেতু দেনাদারের নিকট আদায়যোগ্য নয়<br>------------------------------------------------ | | ১,২০০/- | <br>১,২০০/- |
| জানু-১৮ | নগদান হিসাব ডেঃ<br>বাড়ি ভাড়া হিসাব ক্রেঃ<br>যেহেতু বাড়ি ভাড়া পাওয়া গেছে।<br>------------------------------------------------ | | ১,৫০০/- | <br>১,৫০০/- |
| জানু-২৪ | বেতন হিসাব ডেঃ<br>ব্যাংক হিসাব ক্রেঃ<br>যেহেতু চেকে বেতন প্রদত্ত হয়েছে<br>------------------------------------------------ | | ৮০০/- | <br>৮০০/- |
| জানু-৩০ | নগদান হিসাব ডেঃ<br>ব্যাংক হিসাব ক্রেঃ<br>যেহেতু কারবারের প্রয়োজনে ব্যাংক হতে উঠানো হয়েছে<br>------------------------------------------------ | | ৫,০০০/- | <br>৫,০০০/- |
| | | | ------------<br>১,২০,০০০/-<br>======= | ------------<br>১,২০,০০০/-<br>======= |

ব্যবহারিক উদাহরণ-৩. জনাব এনায়েত করিম ২০০৮ সালের ১লা জানুয়ারি নগদ ২০,০০০/- টাকা, ২৫,০০০/- টাকার পণ্য নিয়ে ব্যবসা শুরু করেন। ঐ মাসে তাঁর ব্যবসাতে নিম্নলিখিত লেনদেনগুলো সম্পন্ন হয়েছিল।

২০০৮ সাল বাকাশিবো-২০১২

| | | |
|---|---|---|
| জানুয়ারী-০৫, | রশিদের কাছ থেকে পণ্য ক্রয় | ৮,০০০/- টাকা। |
| জানুয়ারী-১০, | হাবিবের নিকট নগদে পণ্য বিক্রয় | ১২,০০০/- টাকা। |
| জানুয়ারী-১৫, | জীবন বীমা প্রিমিয়াম প্রদান | ২০,০০০/- টাকা। |
| জানুয়ারী-২৫, | ব্যক্তিগত প্রয়োজনে কারবার হতে পণ্য উত্তোলন | ৫,০০০/- টাকা। |
| জানুয়ারী-৩০, | কলকব্জার অবচয় ধার্য করা হল | ৫,০০০/- টাকা। |
| জানুয়ারী-৩১, | অফিস কর্মচারীদের বেতন প্রদান করা হল | ১০,০০০/- টাকা। |

উপরোক্ত লেনদেনগুলো অবলম্বন করে জনাব করিমের হিসাব বহিতে জাবেদা তৈরি কর।

## ৩. নং এর সমাধানঃ           এনায়েতের জাবেদা

| তারিখ | বিবরণ | খঃপৃঃ | ডেবিট | ক্রেডিট |
|---|---|---|---|---|
| ২০০৯ সাল | নগদান হিসাব ------------------------ডেঃ | | ২০,০০০/- | |
| জানু-০১ | পণ্যদ্রব্য হিসাব------------------------ ডেঃ | | ২৫,০০০/- | |
| | মূলধন হিসাব------------------------ ক্রেঃ | | | ৪৫,০০০/- |
| | যেহেতু নগদে ও পণ্যদ্রব্য নিয়ে ব্যবসা শুরু করেছে। | | | |
| জানু-০৫ | ক্রয় হিসাব----------------------------ডেঃ | | ৮,০০০/- | |
| | কালাম হিসাব------------------------ক্রেঃ | | | ৮,০০০/- |
| | যেহেতু বাকিতে ক্রয় করা হয়েছে | | | |
| জানু-১০ | নগদান হিসাব------------------------ ডেঃ | | ১২,০০০/- | |
| | বিক্রয় হিসাব------------------------ ক্রেঃ | | | ১২,০০০/- |
| | যেহেতু নগদে বিক্রয় করা হয়েছে। | | | |
| জানু-১৫ | বীমার প্রিমিয়াম হিসাব----------------- ডেঃ | | ২০,০০০/- | |
| | নগদান হিসাব------------------------ ক্রেঃ | | | ২০,০০০/- |
| | যেহেতু প্রিমিয়াম প্রদান করা হয়েছে। | | | |
| জানু-২৫ | উত্তোলন হিসাব------------------------ ডেঃ | | ৫,০০০/- | |
| | নগদান হিসাব------------------------ ক্রেঃ | | | ৫,০০০/- |
| | যেহেতু ব্যক্তিগত প্রয়োজনে উত্তোলন হয়েছে। | | | |
| জানু-৩০ | অবচয় হিসাব------------------------ ডেঃ | | ৫,০০০/- | |
| | কলকব্জা হিসাব------------------------ ক্রেঃ | | | ৫,০০০/- |
| | যেহেতু অবচয় ধার্য করা হয়েছে। | | | |
| জানু-৩১ | বেতন হিসাব ------------------------ ডেঃ | | ১০,০০০/- | |
| | নগদান হিসাব------------------------ক্রেঃ | | | ১০,০০০/- |
| | যেহেতু বেতন নগদ করা হয়েছে। | | | |
| | | | ১,০৫,০০০/-<br>======= | ১,০৫,০০০/-<br>======= |

নিচে ৫ টি জাবেদার সমস্যা উল্লেখ করা হলো বাড়ির কাজ করবে

প্রাকট্রিক্যাল কাজের জন্য একটি খাতা  তৈরি করে বাড়ির কাজ গুলো করবে ।

কোভিট পরিস্থিতি উন্নতি হলে ইনস্টিটিউট খুললে উক্ত প্রাকটিস সমুহে স্বাক্ষর করিয়ে নিলে হবে ।

**ব্যবহারিক উদাহরণঃ-১** জনাব রহিম ২০১১ সালের ১ লা জানুয়ারি নগদ ৫০,০০০/- টাকা ও ২৫,০০০/- টাকা মূল্যের আসবাবপত্র নিয়ে ব্যবসা শুরু করেন । ঐ মাসে তাঁর ব্যবসায়ে নীচে-লিখিত লেনদেনগুলো সংগঠিত হয়েছেঃ

জানুয়ারি ০২ ঃ কামালের নিকট হতে নগদে মাল ক্রয় ২০,০০০/-টাকা।
জানুয়ারি ০৭ ঃ কারবার হতে উত্তোলন ৫,০০০/- টাকা ।
জানুয়ারি ১০ ঃ বাকিতে মাল বিক্রয় করা হল ১৫,০০০/- টাকা ।
জানুয়ারি ১৪ ঃ যান্ত্রপাতির অবচয় ধার্য করা হল ১,০০০/- টাকা ।
জানুয়ারি ১৮ ঃ পণ্য ক্রয় করা হলো ২০,০০০/- টাকা ।
জানুয়ারি ২০ ঃ বিক্রিত মাল ফেরত আসলো ২,০০০/- টাকা ।
জানুয়ারি ২৫ ঃ চেক মারফত বেতন দেয়া হল ১০,০০০/- টাকা ।
জানুয়ারি ৩০ ঃ খাজনা পরিশোধ করা হল ৫০০/- টাকা ।
উপরোক্ত লেনদেনগুলো জনাব রহিম এর জাবেদা বহিতে লিপিবদ্ধ কর ।

**ব্যবহারিক উদাহরণ ২ - নিচে-লিখিত লেনদেনগুলো অবলম্বন করে রহমানের হিসাব বহিতে জাবেদা তৈরি কর।**

২০০৭ সাল

| | |
|---|---|
| জানুয়ারী-১ | নগদ মূলধন ১,০০,০০০/-টাকা নিয়ে ব্যবসা শুরু করা হল। |
| জানুয়ারী-২ | রূপালী ব্যাংকে একটি হিসাব খোলা হল ২০,০০০/-টাকা। |
| জানুয়ারী-৮ | সাকিলের কাছ হতে নগদ মূল্যে পণ্য ক্রয় ৮,০০০/-টাকা। |
| জানুয়ারী-১২ | নগদ বিক্রয় ১২,০০০/-টাকা। |
| জানুয়ারী-১৫ | ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক হতে উত্তোলন ৫,০০০/-টাকা। |
| জানুয়ারী-২০ | ব্যবসায়িক প্রয়োজনে জাহিদের কাছ হতে ঋণ পাওয়া গেল ১৫,০০০/-টাকা। |
| জানুয়ারী-২৫ | বিজ্ঞাপনের টাকা চেকের মাধ্যমে দেওয়া হল ১০,০০০/-টাঃ। |
| জানুয়ারী-৩০ | উপ-ভাড়াটিয়া হতে ভাড়া পাওয়া গেল ৪,০০০/-টাকা। |

ব্যবহারিক উদাহরণ ৩ঃ নিম্নলিখিত লেনদেন অবলম্বনে একটি জাবেদা তৈরি কর ।বাকাশিবো২০২১

২০১৯ সালের ১লা জানুয়ারি জনাব কামাল নগদ ১,০০,০০০/= টাকা, ৫০,০০০/- টাকার যন্ত্রপাতি ও ২৫,০০০/-টাকার আসবাবপত্র নিয়ে একটি ব্যবসায় করলেন। জানুয়ারি মাসে তিনি নিম্নলিখিত লেনদেনগুলো করেছিলেন।

২০১৯ সাল

জানু--০৩ ব্যাংক হিসাব খোলা হলো ২০,০০০/-টাকা।

জানু--০৫ নগদ মূল্যে পণ্য ক্রয় ২৫,০০০/- টাকা।

জানু--০৮ রহিমের নিকট পণ্য বিক্রয় ৪০,০০০/- টাকা।

জানু--১২ ব্যাংক হতে উত্তোলন ৫,০০০/- টাকা।

জানু--১৫ বিক্রিত মাল ফেরত আসলো ১,০০০/- টাকা।

জানু--২০ বিজ্ঞাপন খরচ চেকে প্রদান ১,৫০০/- টাকা।

জানু--২৫ আসবাবপত্রের ওপর অবচয় ধার্য করা হলো ৫০০/- টাকা।

জানু--৩০, কর্মচারীর বেতন দেয়া হলো ৪,০০০/- টাকা।

জানু--৩১, ব্যাংক চার্জ ধার্য করা হলো ২০০/- টাকা।

ব্যবহারিক উদাহরণ ৪ঃ - নিচে-লিখিত লেনদেনগুলো অবলম্বনে জাবেদা তৈরি কর ঃ

২০১২ সালের ১লা জানুয়ারি তারিখে জনাব রাজিন আহমেদ ২,২৫,০০০/- টাকা (নগদ ১,৫০,০০০/- টাকা, পণ্যদ্রব্য ৫০,০০০/-টাকাএবং ২৫,০০০/-টাকার আসবাবপত্র) নিয়ে কারবার আরম্ভ করলেনঃ

২০১২ সাল

জানুয়ারী-৫, সাব্বির আহাম্মেদের নিকট থেকে পণ্য ক্রয় ৫০,০০০/-টাকা

জানুয়ারী-১০, ধারে মাল বিক্রয় ১,৭৫,০০০/- টাকা এবং নগদে ২৫,০০০/-টাকা

জানুয়ারী-১২, সোনালী ব্যংকে হিসাব খোলা হল ৩,০০,০০০/-টাকা

জানুয়ারী-১৬, মণিহারি দ্রবাদি ক্রয় করা হল ২,৫০০/- টাকা

জানুয়ারী-২০, সাব্বির আহাম্মেদকে প্রদান করা হল ৫০,০০০/- টাকা

জানুয়ারী-২২, কু-ঋণ ধার্য করা হল ৭,০০০/- টাকা

জানুয়ারী-২৪, আসবাব পত্রের উপর অবচয় ধার্য করা হল ২,৫০০/- টাকা

জানুয়ারী-২৫, দেনাদারদের নিকট চেকে পাওয়া গেল ১,৫০,০০০/- টাকা

জানুয়ারী-২৭, বিজ্ঞাপন বাবদ খরচ করা হল ৩,০০০/- টাকা

জানুয়ারী-৩১, চেকে বাড়ি-ভাড়া ৫,০০০/- টাঃ এবং নগদে বেতন প্রদাণ করা হল ১২,০০০/- টাকা।

ব্যবহারিক উদাহরণ-৫ঃ মিঃ মানিক ২০১৭ সালের ১লা  মার্চ তারিখে নগদ ১,৮০,০০০/টাকা এবং ২০,০০০/- টাকার যন্ত্রপাতি নিয়ে ব্যবসা আরম্ভ করলেন।  ঐ মাসে তার লেনদেনগুলো নিম্নরূপঃ

মার্চ-৩   সোনালী ব্যাংকে হিসাব খোলা হল ৩০,০০০/-  টাকা।

মার্চ -৫  পণ্য ক্রয় ১০,০০০/-  টাকা

মার্চ-৮   পণ্য বিক্রয় ১৫,০০০/- টাকা।

মার্চ -১০            পণ্য ফেরত আসলো ৫০০/-  টাকা।

মার্চ -২০            অবচয় ধার্য করা হলো ৮০০/-  টাকা।

মার্চ -২৫            কমিশন প্রদান করা হলো ৫০০/-  টাকা।

উপর্যুক্ত লেনদেনগুলোর জাবেদা এন্ট্রি দেখাও।

কোন কিছু জানার থাকলে

বা কোন প্রশ্ন ফোন করলে সমাধান পাবে

০১৭১৬৭৩২৪১১

সবাইকে ধন্যবাদ

